তারিখ 09 JUN 2016
পৃষ্ঠা 2 কলাম 2

যুগান্তর

# উচ্চ মাধ্যমিকে ভর্তির আবেদন গ্রহণ শেষ হচ্ছে আজ

## পুনঃনিরীক্ষণের ফল প্রকাশ

**যুগান্তর রিপোর্ট**

একাদশ শ্রেণীতে অনলাইন ও এসএমএসে ভর্তির আবেদন গ্রহণ শেষ হচ্ছে আজ। রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন করা যাবে। ২৬ মে এ আবেদন কার্যক্রম শুরু হয়। বুধবার বিকাল ৪টা পর্যন্ত ১১ লাখ ৭৮ হাজার প্রার্থী আবেদন করেছেন।

এদিকে এবার ১ লাখ ৭৮ হাজার প্রার্থী তাদের এসএসসি ও সমমানের পরীক্ষার ফল চ্যালেঞ্জ করেছে। পুনঃনিরীক্ষিত ফল বুধবার রাতে প্রকাশ করা হয়। সেই হিসাবে তারা ২৪ ঘণ্টার কিছু বেশি সময় পাচ্ছেন আবেদনের জন্য। এসব প্রার্থীর জন্য আবেদনের সময় বাড়ানো হচ্ছে না বলে জানিয়েছেন ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন। তিনি বলেন, শিক্ষার্থীরা যে সময় পাবেন তা যথেষ্ট। তাছাড়া আবেদনকারীদের মধ্যে অনেক প্রার্থী বিশেষ করে যেসব শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছেন তাদের অনেকে ইতিমধ্যে আবেদন করেছেন।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান যুগান্তরকে জানিয়েছেন, বুধবার সন্ধ্যা নাগাদ পুনঃনিরীক্ষণের ফল প্রকাশ করা হয়েছে। এতে নতুন করে ১৯৯ জন জিপিএ-৫ পেয়েছেন। অনুত্তীর্ণ থেকে উত্তীর্ণ হয়েছেন ২০৫ জন। ফল পরিবর্তন হয়েছে এক হাজার ২৫৮ জনের। এছাড়া স্থগিত থাকা ১১ শিক্ষার্থীর ফল প্রকাশ করা হয়েছে। তাদের মধ্যে ৬ জন উত্তীর্ণ হয়েছেন। এদিকে কুমিল্লা শিক্ষা বোর্ডে এসএসসি পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণ করে ৩৬৫ জন শিক্ষার্থীর ফল পরিবর্তন হয়েছে। জানা গেছে, গণিত ও সমাজবিজ্ঞান বিষয়ে অধিকসংখ্যক ফল পরিবর্তন হয়েছে। বাকি বোর্ডগুলোর পুনঃনিরীক্ষণের ফলও বুধবার রাতের মধ্যে প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য, এবার ১০ বোর্ডের তিন পরীক্ষায় মোট ১৬ লাখ ৫১ হাজার ৫২৩ জন শিক্ষার্থী অংশ নেন। এরমধ্যে ১ লাখ ৭২ হাজার ৬৫৮ জন শিক্ষার্থী ফল চ্যালেঞ্জ করেছেন। এসব শিক্ষার্থীর মোট ৩ লাখ ৫৫ হাজার ১২৬টি উত্তরপত্র নিরীক্ষার আবেদন করেন।